

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩৩

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ উপবাস, রুক্ষ ও নীরস জীবন যাপন করা, পানাহার ও পোশাক ইত্যাদি মনোরঞ্জনমূলক বস্তুতে অল্পে তুষ্ট হওয়া এবং প্রবৃত্তির দাসত্ব বর্জন করার মাহাত্ম্য

আরবী

وَعَن سَهلِ بِنِ سَعدٍ قَالَ : مَا رَأَى رَسُولِ اللهِ عَلَيْ النَّقِيَّ مِنْ حِينِ ابْتَعَثَهُ الله تَعَالَى حَتَّى قَبضَهُ الله تَعَالَى فَقِيلَ لَهُ : هَلْ كَانَ لَكُمْ في عَهدِ رَسُولِ اللهِ عَلَيْ مَنَاخِلُ ؟ قَالَ : مَا رَأَى رَسُولِ اللهِ عَلَيْ مَنْخُلاً مِنْ حِينَ ابْتَعَثَهُ اللهُ تَعَالَى حَتَّى قَبَضَهُ اللهُ تَعَالَى فَقِيلَ لَهُ : كَيْفَ كُنْتُمْ تَأَكُلُونَ الشَّعِيرَ غَيْرَ مَنْخُولٍ ؟ قَالَ : كُنَّا نَطحَنُهُ وَنَنْفُخُهُ فيطيرُ مَا طَارَ وَمَا بَقِيَ كُنْتُمْ تَأَكُلُونَ الشَّعِيرَ غَيْرَ مَنْخُولٍ ؟ قَالَ : كُنَّا نَطحَنُهُ وَنَنْفُخُهُ فيطيرُ مَا طَارَ وَمَا بَقِيَ تَرَيْنَاهُ رواه البخاري

বাংলা

(৩৩৩) সাহল ইবনে সা'দ (রাঃ) বলেন, আল্লাহ তা'আলা যখন থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে (রসূলরূপে) পাঠিয়েছেন, তখন থেকে মৃত্যু পর্যন্ত (চালুনে চালা) ময়দা দেখেননি। অতঃপর জিজ্ঞাসা করা হল, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর যুগে কি আপনাদের আটা চালার চালুনি ছিল? তিনি বললেন, আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে (রসূলরূপে) পাঠানোর পর থেকে ইন্তেকাল পর্যন্ত তিনি আটা চালার চালুনি দেখেননি। তাঁকে বলা হল, তাহলে আপনারা আচালা যবের আটা কিভাবে খেতেন? তিনি বললেন, আমরা যব পিষে ফুঁক দিতাম, এতে যা উড়ার উড়ে যেত, আর যা অবশিষ্ট থাকত তা ভিজিয়ে খমীর বানাতাম।

ফুটনোট

(বুখারী ৫৪১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন